গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাহুবল, হবিগঞ্জ।
www.bahubal.habiganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৩৬০৫.০০০.৯৯.০০১.২২- ৬২৭ তারিখ- ০৮ জুলাই ২০২৪

বিষয়: বার্ষিক উদ্ভাবন কর্ম পরিকল্পনা সমূহের তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাহুবল উপজেলার বার্ষিক উদ্ভাবন কর্ম পরিকল্পনার তথ্য নিম্নোক্ত ছক মোতাবেক মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

ক্রমিক নং	উদ্ভাবনী উদ্যোগের বিবরণ	উদ্ভাবনী উদ্যোগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	মন্তব্য
০১	নীতি বাক্য প্রচারণা: এসেম্বলির সময় শিক্ষা প্রতিষ্ঠানে প্রতি সপ্তাহে শিক্ষার্থীদের একটি করে নীতি বাক্য শিখানো হবে। এতে করে শিক্ষার্থীদের সামাজিক মূল্যবোধ দৃঢ় হবে।	উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বাহুবল, হবিগঞ্জ	
০২	বৃক্ষ রোপন: বাহুবল উপজেলার ১০৪ টি প্রাথমিক বিদ্যালয়ে প্রতি বছর কমপক্ষে ৫ টি করে বৃক্ষ রোপন করা হবে। যা পরিবেশের ভারসাম্য রক্ষায় সহায়ক হিসেবে কাজ করবে।	উপজেলা শিক্ষা অফিসার বাহুবল, হবিগঞ্জ	
০৩	তাঁত প্রশিক্ষণ: বাহুবল উপজেলার ২নং পুটিজুরী ইউনিয়নের অন্তর্গত কালিগজিয়া ত্রিপুরা পল্লীর জনগোষ্ঠীরা অধিকতর অনগ্রসর। তাদের লোকবল ও পূর্ব পুরুষের নিজেদের পোষাক তাঁতের মাধ্যমে নিজেদের বুনার ইতিহাস সহজেই হতে পারতো জীবনমান উন্নয়নের সঠিক পথ। অথচ তারা বর্তমানে তাঁতের বুননের পৌরষানুক্রমিক এ পেশা ভুলতে বসেছে। দু-একজন ব্যতীত কেউই জানে না। তাই কালিগজিয়ার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের কোমড় তাঁত প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।	উপজেলা নির্বাহী অফিসার বাহুবল, হবিগঞ্জ	
০৪	সর্বজনীন পেনশন স্কীম: সর্বজনীন পেনশন স্কীমে সর্বস্তরের জনগণকে উদ্বুদ্ধ করে ২০২৪-২৫ অর্থবছরের ৬০০ টি একাউন্ট খোলা হবে।	উপজেলা নির্বাহী অফিসার বাহুবল, হবিগঞ্জ	
০৫	জনসচেতনতা: মাদক, ধর্মীয়, উগ্রবাদ, জঙ্গিবাদ ও সামাজিক অপরাধ প্রতিরোধ কর্মসূচি বাস্তবায়নে আয়োজনকৃত জনসচেতনতামূলক সভা করা হবে।	উপজেলা নির্বাহী অফিসার বাহুবল, হবিগঞ্জ ও ইউপি চেয়ারম্যান (সকল)	
০৬	উপস্থিতি বৃদ্ধি: চা-বাগান ও হাওর এলাকায় অবস্থিত স্কুলসমূহে শিক্ষার্থীর উপস্থিতি বৃদ্ধি করা।	উপজেলা শিক্ষা অফিসার বাহুবল, হবিগঞ্জ	
০৭	মৎস্য অভয়াশ্রম: বাহুবল উপজেলার হাওরবেস্টিত স্নানঘাট ইউনিয়নে মৎস্য অভয়াশ্রম তৈরি করা হবে। যা দেশীয় মাছ উৎপাদনে ভূমিকা পালন করবে।	উপজেলা মৎস্য অফিসার বাহুবল, হবিগঞ্জ	
০৮	কম্পিউটার: বাহুবল উপজেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের আত্মনির্ভরশীল করার জন্য কম্পিউটার প্রশিক্ষণের কার্যক্রম গ্রহণ করা হবে।	উপজেলা যুব উন্নয়ন অফিসার বাহুবল, হবিগঞ্জ	
০৯	ফ্রিলান্সিং: বেকার ছেলে মেয়েদের আত্মনির্ভরশীল করার জন্য ফিলান্সিং প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।	উপজেলা আইসিটি কর্মকর্তা বাহুবল, হবিগঞ্জ	
১০	তদারকি: মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত/অগ্রাধিকার প্রকল্পসহ বিভিন্ন উন্নয়ন প্রকল্প নিয়মিত পরিদর্শন/তদারকি করা হবে।	উপজেলা নির্বাহী অফিসার বাহুবল, হবিগঞ্জ	

০৮/০৭/২৪
মনজুর আহসান
উপজেলা নির্বাহী অফিসার
বাহুবল, হবিগঞ্জ
ফোন : ০২-৯৯৬৬০৮০০১
ই-মেইল : unobahubal@mopa.gov.bd

জেলা প্রশাসক
হবিগঞ্জ।

অনুলিপি :

১। উপজেলা ..... অফিসার, বাহুবল, হবিগঞ্জ।